দৈনিক সংবাদ

তারিখ 06 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

65

গাইবান্ধায় ছাত্র ঐক্যের সাংবাদিক সম্মেলন

# কলেজ অধ্যক্ষের অপসারণ দাবি পুলিশী নির্যাতনের নিন্দা

গাইবান্ধা, ৫ই জানুয়ারি (জেলা বার্তা পরিবেশক)।— গাইবান্ধা সরকারী কলেজ অধ্যক্ষ আব্দুল লতিফ খানের অপসারণ দাবি এবং তার উস্কানিতে পুলিশী নির্যাতনের প্রতিবাদে গত ৪ঠা জানুয়ারি কলেজ ছাত্র সংসদ ও সর্বদলীয় ছাত্রঐক্যের যৌথ উদ্যোগে স্থানীয় নাট্য সংস্থার মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে কলেজ ছাত্র সংসদের জিএম রাশেদুর রহমান তরফদার তুষার, প্রো-ভিপি নাজমুল হক খান (টিমু) এবং সর্বদলীয় ছাত্রঐক্যের পক্ষ থেকে রেজাউল করিম (ভুট্টো), মমিনুর রহমান বকসী (ঝিনুক), মোত্তাকিন লিটন, জাহিদ হোসেন সবুজ, নওসাদুজ্জামান প্রমুখ ছাত্র নেতা বলেন, গত ২রা জানুয়ারি জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ডিগ্রী পরীক্ষার তৃতীয় দিনে শান্তিপূর্ণভাবে পরীক্ষা শেষ হওয়ার পর কলেজ ছাত্র সংসদ ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ ঘন ঘন পরীক্ষার হল পরিবর্তন ও পরীক্ষার্থীদের হয়রানির প্রেক্ষিতে অধ্যক্ষের সাথে আলোচনার উদ্দেশ্যে তার কক্ষে যাওয়ার পথে কতিপয় স্থানীয়/শিক্ষকের উস্কানিতে পুলিশ বেপরোয়াভাবে লাঠিচার্জ করে। এতে একজন গুরুতর এবং ভিপি ও জিএসসহ ১৮ জন পরীক্ষার্থী আহত হয়।

এ ঘটনার প্রতিবাদে ওই দিন গাইবান্ধা সরকারী কলেজে অনুষ্ঠিত এইচ, এস, সি, নির্বাচনী পরীক্ষার্থীরা তাদের পরীক্ষা বর্জন করে এবং ডিগ্রী পরীক্ষার্থী ও কলেজ ছাত্ররা প্রতিবাদমুখর হয়ে অধ্যক্ষ আব্দুল লতিফ খানসহ স্থানীয় কতিপয় শিক্ষকের অপসারণের দাবিতে শহরে একটি বিক্ষোভ মিছিল বের করে। মিছিলশেষে শহরের ১নং ট্রাফিক মোড়ে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তারা কলেজ অধ্যক্ষের বিরুদ্ধে অযোগ্যতা ও ব্যর্থতার অভিযোগ তুলে ধরেন। স্থানীয় অন্যান্য শিক্ষকের বিরুদ্ধে ও শিক্ষকতা ছেড়ে প্রাইভেট ব্যবসা ও ক্লাস নিতে অসততার অভিযোগ এনে অবিলম্বে তাদের অন্যত্র বদলির দাবি করেন।

সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ এই সব অভিযোগ তুলে ধরেন এবং অধ্যক্ষ ও কতিপয় শিক্ষকের উস্কানিতে পরীক্ষার্থীদের ওপর পুলিশের বেপরোয়া লাঠিচার্জ ও নির্যতনের তীব্র নিন্দা ও দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন।